# ফেব্রুয়ারি/২০১৯ মাসের দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।

সভার তারিখ ঃ ২০/০২/২০১৯ খ্রিঃ।

সময় ঃ ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

আলোচনা ঃ বিবেচ্য মাসে দিনাজপুর সদর উপজেলাধীন কোন এনজিও/সংস্থা মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও দিনাজপুর সদর উপজেলায় তাদের কর্ম পরিচালনার বিবরণ উপস্থাপন করেন নাই। সভাপতি গত মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয়ে উপস্থিত সকলকে অনুরোধ করেন।

নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের ফেব্রুয়ারি/২০১৯ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| এফপিএবি | (১) স্বাস্থ্য কার্যক্রম | বিবেচ্য মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ- ০৩ জন এবং নারী- ৬ জন। | দিনাজপুর সদর | |
| | (২) দিবস পালন | বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি) দিনাজপুর শাখা প্রতি বছরের ন্যায় এবছরও শাখার কর্মকর্তা ও কর্মচারীদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস যাথাযথ মর্যাদায় পালন করেন। | | |
| আমইর চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২৪৫ | (১) শিক্ষা কার্যক্রম | ১৯২ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলে পড়াশুনা করছে। ৫ জন শিক্ষকের মাধ্যমে সকালে ও বিকালে কোচিং ক্লাশ করানো হয়। | দিনাজপুর সদর। | |
| | (২) পুষ্টিকর খাবার প্রদান | ১৯২জন শিশুকে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়। | | |
| | (৩) সংস্কৃতিক কার্যক্রম | ৫৬ জন শিশুকে সপ্তাহে ৩ (তিন) দিন নাচ ও গান শিখানো হয়। | | |
| সনাক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | জনগনের সঠিক স্বাস্থ্যবো নিশ্চিত করাসহ স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দিনাজপুর জেনারেল হাসপাতালে সেবা সম্পর্কিত তথ্যপত্র বিতরণ ও সেবাগ্রহীতাদের সেবা সম্পর্কিত মতামত যাচাই ও পরামর্শ বিষয়ক ক্যাম্পেইন ১১ ফেব্রুয়ারি, ২০১৯ দিনাজপুর সদর হাসপাতালে অনুষ্ঠিত হয়। | দিনাজপুর সদর | |
| | (২) ইউপি স্বচ্ছতা সম্পর্কিত কার্যক্রম | ইউনিয়ন পরিষদের স্বচ্ছতা, জবাবদিহিতা বৃদ্ধিসহ নাগরিক অংশগ্রহণ বৃদ্ধির লক্ষে ৪নং শেখপুরা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যবৃন্দের সাথে এক মতবিনিময় সভা ২৬ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ অনুষ্ঠিত হয়। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br><br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br><br>(৪) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৫) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে ৯৩ জনকে ২৬,৯৬,০০০/- টাকা ঋণ দেয়া হয়। ঋণ আদায় করা হয় ২২,৭৯,২৫৯/- টাকা। সঞ্চয় আদায় করা হয় ২,৯৩,৫২৭/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ১,৩০,৪১১/- টাকা।<br><br>১নং চেহেলগাজী ইউনিয়নের বড়ইল গ্রামে রোকেয়ার বাড়িতে ২৬ জন ছাত্র/ছাত্রী নিয়ে প্রাক-প্রাথমিক বিদ্যালয় চলমান রয়েছে।<br><br>বিবেচ্য মাসে উঠান বৈঠকে সদস্যদের স্যানিটেশনে উদ্বদ্ধ করা হয়।<br><br>১ নং চেহেলগাজী ও ৪নং শেখপুরা ইউনিয়নে নারীর অধিকার আদায়, নারী শিক্ষা, বাল্যবিবাহ, যৌতুক, তালাক, বিরোধ নিস্পত্তি ইত্যাদি বিষয়ে দলিও সদস্যদের উদ্বুদ্ধ করা হয়।<br><br>বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি মৌসুমে আলু ও ভুট্টা এবং বরো ধান লাইনে রোপন ও মাটি পরিক্ষা করে পরিমিত রসায়নিক সার ও জৈব সার বোরো জমিতে প্রয়োগের পরামর্শ প্রদান করা হয়। | পৌরসভা<br>১নং ইউপি<br>৪নং ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| পিএসটিসি | ❖ হেলথ কার্যক্রম | বিবেচ্য মাসে এইচআইভ/এইডস বিষয়ে জ্ঞান বৃদ্ধির জন্য সমাজের ঝুকিপূর্ণ তরুনদের সমাজিক সংহতি শেখার জন্য উঠান বৈঠক সম্পন্ন হয়েছে ১৭টি। অংশগ্রহণকারী পুরুষ-১৮০জন, মহিলা-১৬০ জন।<br>এছাড়া বিবেচ্য মাসে সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানে রোগী রেফার করা হয়েছে মোট-৫০ জন। পুরুষ-০৭ জন, নারী-৪৩ জন। | দিনাজপুর সদর | |
| অরবিন্দু শিশু হাসপাতাল | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম, | বিবেচ্য মাসে বহিঃ বিভাগে ২,০৩১ জনকে সেবা দেওয়া হয় এবং আন্তঃ বিভাগে ৬৫২ জনকে স্বাস্থ্য সেবা দেওয়া হয়। | দিনাজপুর | |
| নুরমিশন বাংলাদেশ | (১) নলকুপ স্থাপন<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বরাদ্দ না আসায় বিবেচ্য মাসে কার্যক্রম ছিল না।<br><br>বিবেচ্য মাসে উচ্চ শিক্ষা সহায়তা প্রদান ও নার্সিং/বিডিএস সহায়তা প্রদান কোয়াটারলী ভিত্তিতে বাস্তবায়ন করা হয়। | দিনাজপুর সদর। | |
| সান ফ্লাওয়ার | (১) নলকুপ স্থাপনের জন্য সুবিধাভোগী চিহ্নিতকরণ<br><br>(২)হস্ত চালিত গভীর ও অগভীর নলকুপ স্থাপন | নলকুপ স্থাপনের জন্য প্রাথমিকভাবে সুবিধাভোগী চিহ্নিতকরণ করা হয় ৩০০ টি পরিবার।<br><br>মুসলিম চ্যারিটি ইউকে এর আর্থিক সহায়তায় হস্ত চালিত অগভীর নলকুপ স্থাপন প্রকল্পটির কার্যক্রম চলমান রয়েছে। | দিনাজপুর সদর | |
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২২৫ | (১) সামাজিক শিক্ষা কার্যক্রম | বয়স অনুয়ায়ী শিশুদের সামাজিক সচেতনতা শিক্ষা প্রদান করা হয়েছে।<br>৬-৮ বছরে= ক) বাড়ীতে খাদ্য তৈরী করা, খ) শারীরিক সমস্যায় জর্জরিতদের স্থানীয় সাহায্য করা<br>৯-১১ বছর= ক) তাড়াতাড়ি বিরক্ত না হওয়া, খ) একজন ভাল নাগরিক হওয়া, গ) অন্যদের সহযোগীতা করা। | দিনাজপুর সদর। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (২) জাতীয় শিক্ষা কার্যক্রম<br><br>(৩) বাড়ি পরিদর্শন | ১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। সপ্তাহের ৫দিন ২ঘন্টা ৩ জন স্পেশালিস্ট শিক্ষকের মাধ্যমে ৮ম- দ্বাদশ শ্রেনী পর্যন্ত স্পেশাল শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>চলতি মাসে প্রকল্পের ৫১ টি শিশুর বাড়ি পরিদর্শনে যাওয়া হয়। শিশুর উপস্থিতি, অভিভাবক সমাবেশ ও এস.এস.সি পরীক্ষা বিষয়ে গুরুত্বারোপ। | | |
| মেরী স্টোপস ক্লিনিক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(২) নিরাপদ এমআর করণ | বিবেচ্য মাসে প্রসবকালীন স্বাস্থ্য সেবা দেওয়া হয় ৬৫ জনকে এবং যৌন সংক্রমন চিকিৎসা সেবা দেওয়া হয় ৮৭ জনকে।<br><br>বিবেচ্য মাসে ১০২ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| দি লেপ্রসী মিশন বাংলাদেশ | (১) স্যানিটেশন কার্যক্রম<br><br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের বিভিন্ন মুখী কর্মের মাধ্যমে উদ্বুদ্ধ করা হয়।<br><br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন করণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৬ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৭১ জন।<br><br>বিবেচ্য মাসে ২৮ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয় এবং তাদের মধ্যে ০৩ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়।<br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সর্ম্পকে অবহিত করা হয় | দিনাজপুর সদর উপজেলা | |
| এমকেপি | ❖ সমিতি সভা, ফোরম সভা ও যোগাযোগ বৃদ্ধি | বিবেচ্য মাসে ৪০টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী-পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহন, নারী নির্যাতন প্রতিরোধ, নারীর ক্ষমতায়ন, বাড়ীর আশেপাশের জমিতে সবজি চাষ এবং মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। | দিনাজপুর সদর। | |
| ওয়ার্ল্ড ভিশনবাংলাদেশ, নর্দান বাংলাদেশ রিজিওনাল ইন্টিগ্রেটেড কমিউনিটি ডেভেলপমেন্ট প্রকল্প | স্বাস্থ্য, পুষ্টি, নিরাপদ পানি ও পয়: নিষ্কাশন কর্মসুচী<br><br>জীবিকায়ন ও অর্থনৈতিক উন্নয়ন কর্মসুচী | ❖ পুষ্টিক র্মসূচি (শিশুর ওজন পরিমাপের মাধ্যমে শিশুর পুষ্ট মান নির্নয় ও শিশুর মাকে নিয়ে সচেতনতা/ অভ্যাস পরিবর্তনের জন্য সেশন)-৪০৬৮জন (শিশু)<br>❖ শিশুর জন্য পুষ্টি কার্যক্রমের আওতায় হার্থ সেশন-অংশগ্রহনকারী শিশু- ১৮৯ জন।<br>❖ মাতৃ দুগ্ধ ও ৬ মাস বয়সের শিশুকে শুধুমাত্র মায়ের বুকের দুধ পান বিষয়ক মা'দের সাথে সেশন- ৮৮০ জন মা।<br>❖ খাদ্যাভাস পরির্বতনের জন্য মাদের সাথে সেশন-অংশগ্রহনকারী- ৮৬৫ জন মা।<br>❖ পানি ও পয়ঃনিষ্কাশন বিষয়ে সচেতনতামুলক সেশন- অংশগ্রহনকারী- ৮২৫ জন।<br>❖ জরুরী চিকিৎসা সহায়তা প্রদান- (১ জনশিশু)<br><br>❖ বসত বাড়ীতে পুষ্টি বিষয়ক সবজি চাষ বিষয়ক ৯৮ জন হত-দরিদ্র লক্ষিত পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান।<br>❖ আত্ব-বিশ্বাস ও সক্ষমতা বৃদ্ধির জন্য ৪৮৬ জন হত-দরিদ্র পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান।<br>❖ আত্ব-কর্ম সংস্থান বৃদ্ধির জন্য ১৪১ জন হত-দরিদ্র পরিবারকে গবাদি পশু (গরু/ ছাগল) প্রদান। | পৌরসভা, আউলিয়া পুর, চেহেলগাজী শেখপুরা ইউনিয়ন | |

| | | | | |
|---|---|---|---|---|
| | জন সম্পৃক্তকরণ ও স্পন্সরশীপ পরিকল্পনা | ❖ আত্ব-কর্ম সংস্থান বিয়য় কাযক্রম পরিচালনার জন্য ১১ সহায়তা কারীদের পারিশ্রমিক প্রদান<br>❖ শিশু নির্যাতন, সহিংষতা রোধ বিষয়ক সচেতনতা ও শিশু বিয়য়ক কার্যক্রম-অংশগ্রহনকারী- ৩৬৩৫ জন (শিশু ও মহিলা<br>❖ শিশুশ্রম ও নির্যাতন রোধের জন্য শিশু শ্রম প্রতিরোধ কমিটির সাথে মিটিং- অংশগ্রহনকারী-৭২৩ জন ।<br>❖ জিএন এর মাধ্যমে গরু বিতরণ -২টি (২টি পরিবার), ছাগল বিতরণ-২টি (২টি পরিবার) ও সাইকেল বিতরণ-২টি ( ২ জনশিশু)<br>❖ | | |
| অনন্যা সংস্থা | প্রতিবন্ধী উন্নয়ন কর্মসূচী<br><br>দিবস পালন | ❖ ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম পরামর্শ দেওয়া হয়, ০১ জনকে চক্ষু হাপাতালে রেফার করা হয়, ০২টি সচেতনতামূলক সভা করা হয়।<br>❖ ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও শহীদ দিবস উপলক্ষ্যে র‌্যালী ও কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পন করা হয়। | দিনাজপুর সদর | |
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | |
| পল্লীশ্রী | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) বাল্য বিবাহ রোধ কার্যক্রম<br><br>(৩) সভা কার্যক্রম | বিবেচ্য মাসে ৬,০৬৮,০০০/- টাকা ঋণ বিতরণ ও ৫,৯৪৮,০৫৩/- টাকা ঋণ আদায় করা হয়।<br>বিবেচ্য মাসে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের বিষয় নিয়ে আলোচনা করায় ৯৪ জন সদস্যের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় ৭০ জন যুব সদস্য বাল্য বিবাহ করবে না বলে অঙ্গিকার করেছে।<br>বিবেচ্য মাসে নারী ক্লাবে ০৫টি সভা হয়েছে। সভার আলোচ্য বিষয় ছিল- নারীর ক্ষমতায়ন, ক্ষমতায়নের উৎস এবং প্রয়োজনীয়তা।<br>এছাড়া আদর্শগ্রমে ০৪টি ও সিবিওতে ০৪টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| এসবিও | (১) বৃক্ষরোপন কর্মসূচী<br><br>(২) বস্তি উন্নয়ন প্রকল্প | বিবেচ্য মাসে বৃক্ষরোপন কর্মসূচীর পরিচর্যার কাজ চলমান রয়েছে।<br><br>বিবেচ্য মাসে বস্তি বাসিদের নিয়ে ২টি মিটিং করা হয়। বিগত ২ বছর মেয়াদি কমিটির মেয়াদ শেষ, তাই নতুন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | দিনাজপুর সদর | |
| সিডিএ | ❖ কৃষি ও পরিবেশ এবং অন্যান্য কার্যক্রম | বিবেচ্য মাসে সামিতির সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয় ৪৫টি, জনসংগঠনের সাধারন পরিষদের সভা অনুষ্ঠিত হয় ২২টি, জনসংগঠনের নির্বাহী পরিষদের সভা অনুষ্ঠিত হয় ১৬টি, ত্রৈমাসিক জনসংগঠনের ইউনিয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়- ০১ টি। জনসংগঠন সাধারণ সভায় ফিল্পচার্ট প্রদর্শন করা হয়েছে ৪টি।<br><br>এছাড়া বিবেচ্য মাসে আইন সহায়তা প্রদান করা হয়েছে - ০১টি এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে - ০৬ টি। | দিনাজপুর সদর। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ওয়াইডাব্লিউসিএ | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। ঋণ কার্যক্রম | নার্সারী ও ফ্রি স্কুলের ছাত্র-ছাত্রীদের বার্ষিক ক্রিড়া প্রতিযোগীতা ও ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়।<br><br>বিবেচ্য মাসে ১৮ জনকে ৩,১০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে ঋণ আদায় করা হয় ২,৯৬,৮৫৬/- টাকা। সঞ্চয় আদায় হয় ৪২,৬১৪/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| এনডিএফ | (১) শিক্ষা সাপোর্ট কার্যক্রম<br><br>(২) সভা কার্যক্রম | ১জন অটোমেটিভ এবং ২য় জন মেশিনিস্ট ট্রেডে টাঙ্গাইলে সোসাইটি ফর সোস্যাল সার্ভিস (এসএসএস) কারিগরিতে ১ বছর মেয়াদি প্রশিক্ষণ গ্রহণ করছে।<br><br>বিবেচ্য মাসে সিনিয়র স্টাফ মিটিং ০১ (এক)টি, স্টাফ মিটিং ০১ টি অনুষ্ঠিত হয়। | দিনাজপুর সদর | |
| বিএসডিএ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্রঋণ দেওয়া হয় ১৪,৩০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৩,০০,০০০/- টাকা। (কত জনের মধ্যে ঋণের টাকা বিতরণ করা হয় তা উল্লেখ করা হয়নি)<br><br>বর্তমানে বিএসডিএ-ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৬০টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৬৫০জন। ৫২ জন শিক্ষিকাকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ৫০টি অভিভাবক সভা করা হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| গাওসুল আযম বিএনএসবি আই হসপিটাল | (১) আই কেয়ার সাপোর্ট<br><br>(২) কাভার ক্রিয়েটিং ভিশন | বিবেচ্য মাসে চক্ষু শিবির ক্যাম্প করা হয় ০৩টি, ক্যাম্পে ২২৫০ জন চক্ষু রোগীর চোখ পরীক্ষা করা হয় এবং ১৯৯ জন রোগীর চোখ অপারেশন করা হয়। এছাড়া পিইসিতে ১৭৯৯ জন রোগীর চক্ষু পরীক্ষা করা হয় এবং ২১ জন রোগীর চক্ষু অপারেশন করা হয়। ৪১১ দরিদ্র রোগীদের বিনামূলে চক্ষু সেবা প্রদান করা হয়।<br><br>বিবেচ্য মাসে ২,১৫৫ শিশুর চোখ স্ক্রীনিং, ৩০৮ শিশুর গ্লাস প্রেসক্রাইবড, ৯০ জন শিশুর হাসপাতাল/ভিশন সেন্টার থেকে গ্লাস প্রোভাইড এবং ৭ জন দরিদ্র শিশুর চক্ষু সেবা সংক্রান্ত আর্থিক সহায়তা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| এমবিএসকে | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(৩) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br><br>(৪) স্যানিটেশন কার্যক্রম<br><br>(৩) প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন | বিবেচ্য মাসে আয় বর্ধনমূলক খাতে .৫৭ কোটি টাকা, জীবনযাত্রার মানোন্নয়ন খাতে ১.৮ কোটি টাকা ও সম্পদ সৃষ্টি খাতে ০.৮৭ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ৬৬৪২টি খানার মধ্যে ২৮০০০ জন উপকারভোগী রয়েছে। উক্ত ইউনিয়নে ১০০% স্বাস্থ্যসেবা নিশ্চিত করণের লক্ষ্যে ০২জন এমবিবিএস ডাক্তার, ০২ জন প্যারামেডিকেল ডাক্তার এবং ১৪ জন স্বাস্থ্য সহকারীর মাধ্যমে প্রতিনিয়নত স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ১৯ টি গ্রামে ৫১ টি বিদ্যালয়ে ৫১ জন শিক্ষাকার মাধ্যমে মোট ১১৩৫ জন ছাত্র ছাত্রীকে শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>ডিসেম্বর/২০১৮ মাস পর্যন্ত ২৬৬১ জন লক্ষ্যভুক্ত সদস্যের মাঝে ২,৬৬,১০,০০০/- টাকা ঋণ বিতরণের মাধ্যমে বিভিন্ন ক্যাটাগরীরর ২৬৬১ টি ল্যাট্রিন স্থাপন করা হয়েছে।<br>প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় চলতি মাসে ৭৯ জন অসহায় শারীরীকভাবে প্রতিবন্ধী প্রবীন ব্যক্তিকে ৫৫০ টাকা করে বয়স্ক ভাতা প্রদান করা হয়। এ পর্যন্ত ৩৮০০০০ টাকা বয়স্ক ভাতা প্রদান করা হয়। | দিনাজপুর সদর ও ৫ নং শশরা ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| ব্লাস্ট | ❖ আইন সহায়তা কার্যক্রম | বিবেচ্য মাসে অভিযোগ গ্রহন করা হয় ২৯ টি, পরামর্শ প্রদান করা হয় ১৫ টি, মামলা দায়ের ১৮ টি, মামলা নিস্পত্তি ০৪ টি। | দিনাজপুর সদর | |
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ২০৩০ জন কে ৮,০৪,৮০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৯৪ জনকে ৪০,৮০,০০০/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| | (২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৩৮ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১২৪২ জন। শিক্ষকদের বিষয় ভিক্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয় এবং এ পর্যন্ত ১৭টি স্কুলের ৭০ জন শিক্ষককে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হয়। | | |
| | (৩) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং ০১টি অনুষ্ঠিত হয় এবং এ পর্যন্ত ১৬৬ টি ওয়াটশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে এবং স্যানিটেশন মাস অক্টোবর/১৮ মাসব্যাপি উদযাপন করা হয়েছে। | | |
| | (৪) বনায়ন কার্যক্রম | বিবেচ্য মাসে ১০২১৫ টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে। এছাড়া কৃষি প্রযুক্তি ও বৃক্ষ মেলা ২০১৮ ব্র্যাক অংশগ্রহণ করে ১ম স্থান অধিকার করেছে। | | |
| | (৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৯ইং অর্থবছরে ০৬টি পরিবারকে নির্যাতন হতে প্রতিরোধ করা হয়েছে। | | |
| | (৬) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তির করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস/২০১৮ পালন করা হয়েছে। | | |
| | (৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১২২৫ জনকে এবং ২০১৯ অর্থ বছরে ২৪৫০ জনকে সেবা প্রদান করা হয়। | | |
| | (৮) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ৫০০ কেজি, ২০১৯ অর্থ বছরে ১০০০কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজ যেমন লাউ, মুলা, শিম, শসা, মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে। | | |
| | (৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা | ব্র্যাক দিনাজপুর সদর বিবেচ্য মাসে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবশ/২০১৯ এবং জাতীয় দুর্যোগ প্রশমন দিবস/২০১৯ পালন করেছে। | | |
| | (১০) প্রশিক্ষণ | বিবেচ্য মাসে লার্নিং সেন্টার মাধ্যমে ৩০০ জন ব্র্যাক উপকারভোগী কর্মী/কর্মকর্তাকে এবং ৫০ জন অন্যান্য প্রতিষ্ঠানের কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়। | | |
| | (১১) নৃত্তাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন। | বিবেচ্য মাসে নৃত্তাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে। | | |
| | (১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | ব্র্যাক দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী এবং ধুমপান মুক্ত দিবস পালন করেছে। | | |

| | |
|---|---|
| ❖ অন্যান্য/বিবিধ | যেসকল সংস্থা মাসিক প্রতিবেদন জমা দেন নাই তাদের কে আগামী মাস হতে বিনা ব্যর্থতায় প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।<br><br>উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো- সিডিডি, টিএমএসএস, এসএমএনবি, পল্লী বন্ধু, ইএসডিও, নারীর জন্য নারী, অন্বেষন, ঝানজিরা সমাজ কল্যাণ সংস্থা ইত্যাদি। |
| ❖ যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | অরবিন্দু শিশু হসপিটাল, কাঞ্চন, এসইউপিকে, প্রত্যাশা, সিডিডি, উত্তরণ, এসএমএনবি, এফপিএবি ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। |

**আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ**

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। সকল এনজিও/সংস্থা কর্তৃক প্রদেয় স্যানিটেশনসহ সকল সুবিধা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে এলাকা নির্বাচনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

৩। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। অত্র উপজেলার ভিক্ষুক পুর্নবাসনের জন্য ভিক্ষুকের তালিকা মাসিক প্রতিবেদনে এনজিও প্রতিনিধিগন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়।

৫। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২০/০৩/১৯

মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নং: ০৫৩১-৬৫১২২
E-mail: unodinajpur@mopa.gov.bd

২০/০৩/১৯

## পরিশিষ্ট - 'ক'

উপস্থিত সদস্যদের নাম ও পদবী (স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক ডেরগানী-২, রামনগর, দিনাজপুর "

২। জনাব আসমা আক্তার, এফ.ও, মানব কল্যাণ পরিষদ, বালুবাড়ী, দিনাজপুর "

৩। জনাব মোঃ গেলাম ইস্কান্দার, পি,ও, বিএসডিএ, ঈদগাহ বস্তি এলাকা, দিনাজপুর "

৪। জনাব জেসম ফ্রান্সিস বিশ্বাস, হিসাব রক্ষক, মশীহপাড়া চাইল্ড স্পন্সরশীপ প্রোগ্রাম, উঃ গোসাইপুর, দিনাজপুর "

৫। জনাব রবিন মুরমু, সিডিএফ, দি লেপ্রসি মিশন, দিনাজপুর "

৬। জনাব অজয় হালদার, হিসাব রক্ষক, আমইর সিডিএসপি বাংলাদেশ, লালুপাড়া, সদর, দিনাজপুর "

৭। জনাব রেজাউল ইসলাম, উপজেলা সমন্বয়কারী, ডেমোক্রেসি ওয়ার্ক, বালুবাড়ী, দিনাজপুর "

৮। জনাব মোঃ মোকছেদুর রহমান, এরিয়া ম্যানেজার, গণ উন্নয়ন কেন্দ্র, দিনাজপুর "

৯। জনাব সদীপ্ত কুমার বসাক, ম্যানেজার, মেরী স্টোপস, বালুবাড়ী, দিনাজপুর "

১০। জনাব মোঃ হামিদুর রহমান, সিনিয়র আউটরিচ অর্গানাইজার, গাওসুল আযম আই হসপিটাল, দিনাজপুর "

১১। জনাব মোঃ আলাউদ্দিন, মাঠ কর্মকর্তা, কারিতাস দিনাজপুর "

১২। জনাব সেবাষ্টিয়ান হেম্ব্রম, লিগ্যাল প্রমোটর, এনডিএফ, ডাঙ্গাপাড়া, সদর, দিনাজপুর। "

১৩। জনাব শাহজাদী শিরীন, পি.ও, পল্লীশ্রী, বালুবাড়ী, দিনাজপুর "

১৪। জনাব অনুকুল চন্দ্র বর্ম্মন, এপিসি ম্যানেজার, দিনাজপুর এপি, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, ঈদগাহ/আ/এ, দিনাজপুর "

১৫। জনাব মুর্শেদা পারভীন মলি, সহকারী অফিসার, এমবিএসকে, বালুবাড়ী, দিনাজপুর "

১৬। জনাব মোঃ আঃ রাজ্জাক খান, ইউনিট ম্যানেজার, সি.ডি.এ, সদর, দিনাজপুর "

১৭। জনাব ডিএসএম জিল্লুর রহমান, নির্বাহী পরিচালক, বিবিডিএস, বড়পুল, সদর, দিনাজপুর। "

১৮। জনাব মোঃ আব্দুল হান্নান আজাদ, এরিয়া ম্যানেজার, সনাক-টিআইবি, উত্তর বালুবাড়ী, দিনাজপুর "

১৯। জনাব মোঃ মবিনুল ইসলাম বাবু, ফিন্যান্স এন্ড এডমিন অফিসার, ব্লাস্ট দিনাজপুর ইউনিট, ঈদগাবস্তি, দিনাজপুর। "

২০। জনাব মোঃ মোহায়মিনুল ইসলাম, প্রোগ্রাম অফিসার, ডেভেলপমেন্ট কাউন্সিল, ইসলামপাড়া, বিরামপুর দিনাজপুর "

২১। জনাব মোঃ রুহুল আমিন সরকার, প্রজেক্ট অফিসার, জেএসকেএস, ঝানজিরা হাট, সদর, দিনাজপুর "

২২। জনাব মর্জিনা খাতুন রুপা, প্রজেক্ট কো-অর্ডিনেটর, জেএসকেএস, ঝানজিরা হাট, সদর, দিনাজপুর "

২৩। জনাব শুকলা রায়, উপজেলা কো-অর্ডিনেটর, ডেমোক্রিসি ওয়াচ, উত্তর বালুবাড়ী, দিনাজপুর "

২৪। জনাব শাহরিয়ার হুসায়েন, প্রশাসনিক কর্মকর্তা, আসিয়াব, উত্তর বালুবাড়ী, দিনাজপুর "

২৫। জনাব মিথুয়েল হেম্ব্রম, হিসাব রক্ষক, নুরমিশন বাংলাদেশ, পশ্চিম শিবরামপুর, সদর, দিনাজপুর "

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনজাপুর সদর, দিনাজপুর।

স্মারক নং-৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৯. ৫৮ তারিখ ঃ ২০ মার্চ, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

৪। উপজেলা........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব....................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

২০/৩/১৯
মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর